ISO 9001:2015 Certified

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

দূরালাপনী: অফিস- ০৮৩৩২-৫৬৬৪২, অভিযোগ কেন্দ্র ঃ ০৮৩৩২-৫৬৬৬৩, ই-মেইলঃ habiganjpbs@gmail.com, ওয়েবসাইটঃ www.pbs.habiganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৬৪৪.৫০৫.০২.০০৮.২৬.৪৮০৫

তারিখঃ- ১০ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৬ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

পুনঃ আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির **"জুনিয়র অফিসার (বিলিং)"** শূণ্য পদ পূরণের লক্ষ্যে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিলিং সহকারী (নিয়মিত) পদে কর্মরত প্রার্থীদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম ও পদ সংখ্যা	বেতন ও অন্যান্য ভাতাদি	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	জুনিয়র অফিসার (বিলিং) ০১ (এক) টি (কম/বেশি হতে পারে)	পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে	ক) বিলিং সহকারী হিসেবে ন্যূনতম ০৭(সাত) বছর নিয়মিত চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। খ) বিলিং কম্পিউটার, আইসিবিএস সফটওয়্যার, সার্ভার এবং অফিস ইকুইপমেন্ট পরিচালনায় পারদর্শী হতে হবে। গ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। ঘ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সহ পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্ত পূরণ করতে হবে। ঙ) সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৪ (চার) বছরের কর্মমূল্যায়ন পর্যায়ক্রমে গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।

শর্তাবলীঃ-

০১। বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) যোগাযোগের ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (ঠ) নিজ জেলা (ড) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও নিয়মিত করণের তারিখ (ঢ) বর্তমান পদে যোগদানের তারিখ ও নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশসহ স্ব-হস্তে লিখিত আবেদনপত্র **আগামী ১৬/১১/২০২৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার, বিকাল ৪:০০ ঘটিকায় অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ার যোগে/হাতে হাতে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।**

"ইতিপূর্বে যারা বিলিং সুপারভাইজার পদে আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই"।

আবেদনকারীগণের পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।

উল্লেখ্য যে, "জুনিয়র অফিসার (বিলিং)"পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে বাপবিবোর্ডের স্মারক নং: ২৭.১২.০০০০.০০০.১১০.৫২.০০০২.২৬.৭০০, তারিখঃ ১২/০৪/২০২৬ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

০২। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।

(খ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি।

(গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত ফটোকপি।

(ঘ) সর্বশেষ ০৪ (চার) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।

(ঙ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

(চ) জাতীয় পরিচয় পত্র ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

(ছ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ ও অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

(জ) সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(ঝ) সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩। **সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক হতে চ পর্যন্ত) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।**

(ক) কোন কর্মচারীর উপর কোন দন্ড আরোপ করা হলে তিনি তার দন্ড ভোগের মেয়াদ শেষে লঘুদন্ডের ক্ষেত্রে পরবর্তী ০১ (এক) বছর এবং গুরুদন্ডের ক্ষেত্রে পরবর্তী ০২ (দুই) বছর যোগ্য হিসেবে বিবেচিত হবেন না (দন্ডাদেশে দন্ডের মেয়াদ সুনির্দিষ্ট করা থাকলে উক্ত দন্ডের মেয়াদ অতিবাহিত হওয়ার পর হতে উল্লিখিত সময়কাল গণনা শুরু হবে)।

(খ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(গ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন থাকলে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে,বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

(ঘ) কোন কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, উক্ত কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রম অতিবাহিত সময়ে পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

(ঙ) ইতোপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

(চ) হবিগঞ্জ পবিসের ভৌগোলিক এলাকার প্রার্থী হলে আবেদন করার প্রয়োজন নেই।

০৪। **পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন, বিলিং সহকারী পদে কর্মরত থাকাবস্থায় পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে বর্তমানে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট করার পর পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক এবং সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুচ্ছেদ এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২) এর ধারা ৭, ১৪,১৫ এবং ১৬ প্রতিপালন করা হবে।

(ঘ) অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

(ঙ) বিলিং সহকারী হিসেবে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানাই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

(চ) চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

(ছ) তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

(ঝ) নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঞ) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৮/১০/২০২৬
(প্রকৌঃ মো. ইসমাত কামাল)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ....সকল পবিস (যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অবহিতকরণসহ আবেদনপত্র অগ্রগামী করার অনুরোধসহ)
০৫। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৬। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা) বাপবিবো, ঢাকা।
০৭। ডিজিএম, (সদর-কারিগরী)/চুনারুঘাট/নোয়াপাড়া/ বানিয়াচং/ নবীগঞ্জ/লাখাই জোনাল অফিস, হবিগঞ্জ পবিস।
০৮। এজিএম (ওএন্ডএম), বাহুবল/ মাধবপুর/ আজমিরীগঞ্জ/ইনাতগঞ্জ সাব-জোনাল অফিস, হবিগঞ্জ পবিস।
০৯। এজিএম (ইএন্ডসি/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন/অর্থ-রাজস্ব), হবিগঞ্জ পবিস।
১০। এজিএম(আইটি), হবিগঞ্জ পবিস। (ওয়েবসাইডে প্রকাশের নির্দেশনাসহ)
১১। নোটিশ বোর্ড, হবিগঞ্জ পবিস।
১২। অফিস কপি/মাস্টার কপি।

২৮/১০/২০২৬
(প্রকৌঃ মো. ইসমাত কামাল)
জেনারেল ম্যানেজার